

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৪.২১- ২৫৪

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩৩
১৫ এপ্রিল ২০২৬

পঞ্জাপন

যেহেতু, জনাব সুমিত চৌধুরী (বিপি-৭৪০৬১১৯৭৪৪), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, ফরিদপুর অঞ্চল ও বর্তমানে সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঠাকুরগাঁও; তিনি অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে নৌ-পুলিশ, ফরিদপুর অঞ্চলে গত ২৯.০৫.২০১৯ হতে ০২.০৭.২০২০ তারিখ পর্যন্ত কর্মকালীন তাঁর বিরুদ্ধে নিম্নবর্ণিত অভিযোগমূহ উত্থাপিত হয়:

(ক) বিভিন্ন তারিখ ও সময়ে পদ্মা নদীতে আকস্মিক অভিযান পরিচালনার নামে অন্যায়াভাবে ইয়াকুব শেখসহ ১১ জন জেলের নিকট থেকে বিভিন্ন ধরনের মাছ বিধি মোতাবেক জব্দ না করে উক্ত মাছ ফরিদপুর নিজ বাসায় নিয়ে আত্মসাৎ করা এবং জেলেদের মাছ ধরার জাল পুড়ানো, নৌকা ডুবিয়ে দেয়া ও নৌকা ফুটো করাসহ তাদেরকে বিভিন্ন ধরনের গালিগালাজ করা;

(খ) ২০.০৫.২০২০ তারিখ ১৫.০০ ঘটিকার সময় দৌলতদিয়া কলাবাগান ঘাট নামক স্থান হতে উজ্জল শেখ নামক একজন পান দোকানী ধরে এনে স্থানীয় কাশেম মেসারের নিকট হতে ১১,০০০/- টাকা উৎকোচ গ্রহণপূর্বক ছেড়ে দেয়া;

(গ) গত ১৫.০৬.২০২০ তারিখ রাত অনুমান ২১.৩০ ঘটিকা হতে ২২.০০ ঘটিকার মধ্যে কনস্টেবল সোলাইমান (নং-৫১৩) এর সামনে এবং ২৮.০৬.২০২০ তারিখ অনুমান ১৩.০০ ঘটিকা হতে ১৪.০০ ঘটিকার মধ্যে কনস্টেবল জাহাঙ্গীর মোল্লা (নং-১২১৭) এর সামনে দৌলতদিয়া নৌ-পুলিশ ফাড়ির ইনচার্জ, পুলিশ পরিদর্শক জনাব আব্দুল মুন্নাফকে গালিগালাজ করা;

(ঘ) প্রায় সময় মদ্যপ অবস্থায় থাকা এবং গত ১০/৬/২০২০ তারিখ রাত প্রায় ২২.০০ ঘটিকার সময় সরকারি গাড়িতে করে দৌলতদিয়া নৌ-পুলিশ ফাড়িতে এসে নেশাগ্রস্ত অবস্থায় অফিসার ও ফোর্সদের রোলকল ডাকা ও অসংলগ্ন কথাবার্তা বলা এবং ০২.০৭.২০২০ তারিখ কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ এ ডোপ টেস্ট করানো হলে রিপোর্ট পজিটিভ আসা;


যেহেতু, উপর্যুক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে গত ০৮.০৩.২০২১ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৪/২০২১ রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২২.০৩.২০২১ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ০৪.০৯.২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিতে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য ১৪.০১.২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগসমূহের মধ্যে উপর্যুক্ত (গ) ও (ঘ) এ উল্লিখিত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে দাখিলকৃত প্রতিবেদনে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত মতামত, অভিযোগের গুরুত্ব ও আনুসঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব সুমিত চৌধুরী (বিপি-৭৪০৬১১৯৭৪৪), সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঠাকুরগাঁও (সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, নৌ-পুলিশ, ফরিদপুর অঞ্চল)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) মোতাবেক তাঁকে "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৪.২১ - ১৫৪

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩৩
১৫ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ২। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩। উপসচিব, পুলিশ-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জনাব সুমিত চৌধুরী (বিপি-৭৪০৬১১৯৭৪৪), সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঠাকুরগাঁও
- ৮। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯। অফিস কপি/মাস্টার কপি।


মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব